

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 02-11-2025

Time: 1.40 P.M.

উত্তর ২৪ পরগনার স্বরূপনগর থেকে আজ ফের ৩৮ জন বাংলাদেশীকে আটক করে BSF, পুলিশের হাতে তুলে দিয়েছে। জানা গেছে, বিথারি সীমান্ত দিয়ে তারা বাংলাদেশে প্রবেশের চেষ্টা করছিল। সেই সময় টহলরত BSF জওয়ানরা তাদের ধরে ফলে। আজ তাদের বসিরহাট আদালতে তোলা হচ্ছে।

এর আগে গত দু-দিনে স্বরূপনগরে ১৫ জন শিশু সহ ৫৬ জন বাংলাদেশীকে গ্রেফতার করা হয়।

এদিকে, শিলিগুড়ির, ভারত-নেপাল সীমান্তের পানিট্যাঙ্কি থেকে এক বাংলাদেশী নাগরিককে আটক করেছে SSB। ধৃত ২৬ বছরের হেমাল চন্দ্র রায়, বাংলাদেশের দিনাজপুরের বাসিন্দা। তার কাছ থেকে উদ্ধার হয়েছে নকল ভারতীয় আধার কার্ড। আড়াই মাস আগে ভারতে ঢুকে শিলিগুড়ির বিভিন্ন এলাকায় রাজমিস্ত্রির কাজ করছিল সে। ধৃতকে খড়িবাড়ি থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

তামিলনাড়ুতে কাজে গিয়ে পূর্ব বর্ধমানের জামালপুরের এক পরিয়ানী শ্রমিকের মৃত্যুর ঘটনায় SIR আতঙ্কের অভিযোগ নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর। স্থানীয় বিজেপি নেতৃত্বের দাবি, মৃত বিমল সাঁতরা মদ ভেবে বিষাক্ত পানীয় খেয়ে অসুস্থ হয়ে পড়েন। সেই থেকেই তাঁর মৃত্যু হয়েছে। তাছাড়া মৃতের ছেলে

তামিলনাড়ুর ওড়াতানারু থানায় যে অভিযোগ দায়ের করেছেন, সেটির সঙ্গে তাঁর বক্তব্যের কোন মিল নেই।

উল্লেখ্য, বিমল সাঁতরা গত ২৬ শে অক্টোবর অসুস্থ হয়ে সেখানকারই একটি হাসপাতালে ভর্তি হন। ৩০ তারিখ তাঁর মৃত্যু হয়। তাঁর ছেলে জানিয়েছেন, এসআইআর-এর ঘোষণা হবে, শোনার পর থেকেই তাঁর বাবা আতঙ্কে ছিলেন।

০০০০০০০০০০০০০০০০

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচি- SIR এর প্রস্তুতিতে রাজ্যজুড়ে বুথ লেভেল অফিসার-BLO-দের তিনদিনের চূড়ান্ত প্রশিক্ষণ পর্ব চলছে। আগামীকালের মধ্যে তা সম্পূর্ণ করতে হবে বলে জেলা নির্বাচন আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল প্রথম দিনে প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী ১৬ দফা নির্দেশিকা বিএলওদের হাতে তুলে দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

কলকাতা পুলিশ এলাকার পাঁচটি থানার সীমানা নতুন করে নির্ধারণ করা হয়েছে। এই থানা গুলি হল একবালপুর, ওয়াট গঞ্জ, আলিপুর, পার্ক স্ট্রীট এবং নিউমার্কেট। এব্যাপারে কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মার স্বাক্ষরিত নির্দেশিকা জারি করা হয়েছে। তাতে বলা হয়েছে একবালপুর ও ওয়াটগঞ্জ থানার একটা বড় এলাকা আলিপুর থানার অধীনে নিয়ে আসা হয়েছে। পাশাপাশি নিউমার্কেট থানার বেশ কিছু এলাকা পার্ক স্ট্রীট থানার আওতায় আনা হয়েছে। প্রশাসনিক সূত্রে খবর আলিপুর থানা এবং পার্ক স্ট্রীট থানার পরিকাঠামো বাড়ানোর কাজও শুরু হয়েছে। এতে প্রশাসনিক কাজের সুবিধার পাশাপাশি তেমনি নজরদারিও সহজ হবে

বলে মনে করা হবে। প্রসঙ্গত এই মুহূর্তে কলকাতা পুলিশ এর আওতায় ৯১ টি থানা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের ভগবানপুর থানা এলাকায়, হস্টেলের ঘর থেকে সপ্তম শ্রেণীর এক পড়ুয়ার দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গতসন্ধ্যায় সায়নদীপ খাটুয়াকে অচৈতন্য অবস্থায়, উদ্ধার করা হয়। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। দেহ ময়না তদন্তে পাঠানো হয়েছে। তাকে খুন করা হয়েছে বলে পরিবারের দাবি।

০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের ফারাক্কর প্রাক্তন বিধায়ক মইনুল হক প্রয়াত। বয়স হয়েছিল ৬২ বছর। কংগ্রেসের প্রতীকে টানা পাঁচবার রাজ্য বিধানসভায় নির্বাচিত হন মইনুল হক। পরে তিনি তৃণমূল কংগ্রেসে যোগ দেন। হৃদরোগে আক্রান্ত হয়ে বেশকিছুদিন কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। আজ সকালেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তাঁর প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০

ডায়াবেটিস রোগের বিরুদ্ধে লড়াই করতে রাজ্য সরকারের নেওয়া বেঙ্গল মডেল উদ্যোগ বিশ্বের কাছে গ্রহণযোগ্য হতে চলেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। সম্প্রতি হার্ভার্ড মেডিকেল স্কুলের অধ্যাপক জেনে বুকম্যান রাজ্যে এসে এই রোগ প্রতিরোধে এসএসকেএম হাসপাতালের নেওয়া উদ্যোগ খতিয়ে দেখে তার প্রশংসা করেছেন বলে তিনি আজ এক্স হ্যান্ডেলে উল্লেখ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০

জগদ্ধাত্রী পূজো উপলক্ষে জগদল-এর গোলঘর পার্কের মাঠে মেলায় গতরাতে বিধ্বংসী আগুনে প্রায় আটটি দোকান পুড়ে গিয়েছে। আগুন লাগার কারণ এখনো কিছু জানা যায়নি। দমকলের দুটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। এই ঘটনায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মধ্য বঙ্গোপসাগর এবং সংলগ্ন মায়ানমার উপকূলের ওপর আজ একটি নিম্নচাপ এলাকা তৈরি হয়েছে। আগামী ৪৮ ঘন্টায় এটি ক্রমশ উত্তর , উত্তর পশ্চিমে মায়ানমার- বাংলাদেশ উপকূলের দিকে অগ্রসর হবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। এর ফলে এরাড্যে এখনও পর্যন্ত কোন সতর্কতা না থাকলেও মৎস্যজীবীদের উত্তর পূর্ব বঙ্গোপসাগর এবং দক্ষিণ বাংলাদেশ উপকূলের দিকে যেতে নিষেধ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০